



**জনাব মোঃ তাজুল ইসলাম এমপি**

**মাননীয় মন্ত্রী**

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

জনাব মোঃ তাজুল ইসলাম এমপি গত ৭ জানুয়ারী ২০১৯ তারিখে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়-এর মাননীয় মন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করেন।

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ তাজুল ইসলাম একজন খ্যাতিমান রাজনীতিক, ব্যবসায়ী ও সমাজসেবক। তিনি ১৯৫৫ সালে কুমিল্লা জেলার মনোহরগঞ্জ উপজেলার পোমগাঁও গ্রামের এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। পিতা আলহাজ্ব জুলফিকার আলী এবং মাতা আনোয়ারা বেগমের গর্ভিত সন্তান তিনি।

তীর ছাত্রজীবন শুরু হয় পোমগাঁও সরকারী প্রাথমিক বিদ্যালয় থেকে। তিনি পোমগাঁও উচ্চ বিদ্যালয় থেকে মাধ্যমিক, নওয়াব ফয়জুল্লাহ সরকারী কলেজ থেকে উচ্চ মাধ্যমিক, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী অর্জন করেন। লন্ডনের এন্টন বিশ্ববিদ্যালয় থেকে একাউন্টিং এন্ড ফিন্যান্স-এ ডিপ্লোমা এবং সাউদার্ন বিশ্ববিদ্যালয় থেকে এমবিএ ডিগ্রী লাভ করেন। কর্মজীবনে সফলতার সাথে বহু শিল্প-কারখানা ও ব্যাংক-বীমা প্রতিষ্ঠা করেন। সত্য, নিষ্ঠা ও দেশপ্রেমে উদ্বুদ্ধ শ্রেষ্ঠ জাতি গঠনের লক্ষ্যে একটি দৈনিক পত্রিকা প্রতিষ্ঠিত করেন।

মানুষের প্রতি প্রগাঢ় ভালবাসা, দারিদ্রতা দূর ও ন্যায়ভিত্তিক একটি দেশ গঠনে অবদান রাখার লক্ষ্যে ছাত্রজীবন থেকেই রাজনীতির সহিত প্রত্যক্ষ জড়িত ছিলেন। জাতির পিতার বঙ্গবন্ধুর আদর্শে অনুপ্রাণিত এই মানুষটিকে লাকসাম-মনোহরগঞ্জের জনগণ ১৯৯৬, ২০০৮, ২০১৪, ২০১৮ এবং ২০২৪ সালে নৌকা প্রতীকে ভোট দিয়ে সংসদ সদস্য নির্বাচিত করেন। এবারও নির্বাচনের পর নবগঠিত মন্ত্রিসভায় মাননীয় প্রধানমন্ত্রী তাঁকে ২য় বার স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী হিসেবে নিয়োগ দান করেন।

বিগত সংসদ মেয়াদগুলিতে তিনি স্বরাষ্ট্র মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, পরিকল্পনা মন্ত্রণালয়ের সংসদীয় কমিটির সদস্য এবং বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের সংসদীয় কমিটিতে সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি বিভিন্ন সময় জাতিসংঘ, এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক ও জাইকা'র বিভিন্ন অনুষ্ঠানে বাংলাদেশের নেতৃত্ব দেন। এছাড়াও তিনি সরকারী ও বেসরকারী প্রয়োজনে যুক্তরাষ্ট্র, ফ্রান্স, যুক্তরাজ্য, ইতালি, জার্মানী, সুইজারল্যান্ড, জাপান ও চীনসহ পৃথিবীর অনেক দেশ ভ্রমণ করেন।

তীর মালিকানাধীন ফেবিয়ান গ্রুপ অব ইন্ডাস্ট্রিজের অধীনে ২০টির মতো পোশাক কারখানা রয়েছে। বেসরকারি যমুনা ব্যাংকের পরিচালনা পর্ষদে আছেন জনাব তাজুল ইসলাম। এছাড়া 'দৈনিক প্রতিদিনের সংবাদ' নামে একটি পত্রিকার প্রকাশক তিনি।

তাজুল ইসলামের চার সন্তানের মধ্যে দুই ছেলে পারিবারিক ব্যবসা দেখাশোনা করেন। মেয়েদের মধ্যে একজন ব্যারিস্টার, আর অন্যজন আমেরিকায় লেখাপড়া করছেন।